

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 30-09-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Mahashtami:

আজ মহাষ্টমী। শারদীয়া দুর্গাপূজার অন্যতম বিশেষ তিথি।

#####Sound Byte#####

সকাল থেকে আগরতলার বিভিন্ন পূজা মন্ডপে মহাষ্টমীর পূজার আয়োজন শুরু হয়েছে। আগরতলার ধলেশ্বর রামকৃষ্ণ মিশন, দুর্গাবাড়িতে শাস্ত্রীয় বিধি অনুযায়ী পূজার সব ধরনের আয়োজন চলছে। আগরতলার ধলেশ্বরের রামকৃষ্ণ মিশনেও আজ সকাল ৯ টা নাগাদ কুমারী পূজার আয়োজন রয়েছে বলে মিশনের পক্ষ থেকে জানানো হয়। মহাষ্টমী তিথিতে শ্রদ্ধালুরা দেবী দুর্গার কাছে অঞ্জলী প্রদান করে থাকেন। গতকাল মহাসপ্তমী তিথিতে রাজ্যের প্রায় সর্বত্র মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় হওয়ার খবর পাওয়া গেছে। আগরতলার বড় বাজেটের পূজা মন্ডপগুলোতে অধিক রাত পর্যন্ত উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। গোটা রাজ্যে উৎসবের পরিবেশ বিরাজ করছে।

#####Sound Byte#####

Durga Puja- Security :

রাজ্য পুলিশ সূত্রে জানা গেছে, রাজ্যে এবছর বিভিন্ন ক্লাব, সংস্থা সহ সব মিলিয়ে ২,১৬৫টি দুর্গাপূজা হচ্ছে। শারদ উৎসবে নিরাপত্তা রক্ষায় প্রায় আট হাজার নিরাপত্তারক্ষী মোতায়েন করা হয়েছে। এরমধ্যে মহিলা পুলিশ কর্মী রয়েছে ৪০০ জন। সারা রাজ্যেই পুলিশ পিকেট, পেট্রোলিং-এর ব্যবস্থা করা

হয়েছে। পুলিশের অ্যাসিস্টেন্ট বৃথ রয়েছে ২৪০টি। তাছাড়াও ওয়ারল্যাস নেটওয়ার্ক, স্লিফার ডগ, বোম্ব স্কোয়াড, ওয়াচ টাওয়ার, সাদা পোষাকে পুলিশি নিরাপত্তারও ব্যবস্থা করা হয়েছে। শব্দ দূষণ রোধেও নজরদারি শুরু হয়েছে। যেকোন জরুরী প্রয়োজনে ১১২ এই নম্বরে ফোন করলে পুলিশি সহায়তা করা হবে। রাজ্যের রেল স্টেশনগুলিতে এবং যাত্রীদের নিরাপত্তায় পর্যাপ্ত নিরাপত্তা রক্ষী মোতায়েন করা হয়েছে। ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায়ও বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে।

Voice Over-Seva Parv-PM Gatishakti :

জনসেবা এবং সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তরনের পাশাপাশি উন্নত দেশ গড়ার লক্ষ্যে নিরন্তর সক্রিয়। আজ এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরিছি প্রধানমন্ত্রী গতিশক্তিতে সাফল্যের আরও কিছু খতিয়ান।

#####VC#####

Swasth Nari Sashakt Paribar- J P Nadda :

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা জানান, সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানে সারা দেশে ৯ লক্ষাধিক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। নয়াদিল্লিতে এক স্বাস্থ্য সম্মেলনে তিনি বলেন, এই অভিযানের মাধ্যমে ইতিমধ্যে ৩ কোটি ৬০ লক্ষের বেশি মানুষের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে এবং দুই অক্টোবরের মধ্যে এই সংখ্যা ৪ কোটি ছাড়িয়ে যাবে বলে আশা প্রকাশ করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দিল্লির দীনদয়াল উপাধ্যায় মার্গে সদ্য নির্মিত দিল্লি বিজেপির কার্যালয়ের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সুশাসনের আরেকটি শক্তিশালী দিক হল, সাধারণ মানুষের সঞ্চয় বাড়ানোর ওপর সরকারের জোর দেওয়া। তিনি বলেন, সরকার দক্ষ পরিষেবা প্রদান এবং সাধারণ নাগরিকদের সঞ্চয় বৃদ্ধি উভয়কেই অগ্রাধিকার দিচ্ছে। জিএসটি সংস্কারের পরবর্তী প্রজন্মের কথা উল্লেখ করে শ্রী মোদী সাধারণ নাগরিকদের যাতে সরাসরি উপকার হয়, তা নিশ্চিত করার ওপর জোর দেন।

চলমান 'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী এটিকে মহিলাদের স্বাস্থ্য পরীক্ষার জন্য একটি বড় উদ্যোগ বলে অভিহিত করেছেন। তিনি বলেন, এখনও পর্যন্ত স্বাস্থ্য শিবিরে তিন কোটিরও বেশি মহিলার বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে।

#####Byte-PM#####

উল্লেখ্য ২০২৩ সালের ৯ই জুন বিজেপি সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা এই কার্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত এবং দিল্লির বিজেপি প্রধান বীরেন্দ্র সচদেব।

India, Bhutan-Rail Links :

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো গতকাল নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বলেন, প্রতিবেশী দেশ ভূটানের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি করতে বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে ভারতীয় রেল। ভারত ও ভূটানের মধ্যে রেল সংযোগ প্রকল্প সম্পর্কে রেলমন্ত্রী বলেন, এই প্রকল্পটি মূলত ভূটানের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শহর গেলফু ও সামতসে'কে সংযুক্ত করছে। কোকরাঝাড় এবং

বানারহাটে ভারতীয় রেলওয়ের নেটওয়ার্ক থেকে দুটি প্রকল্প চালু হবে। রেলপথের দৈর্ঘ্য হবে প্রায় ৯০ কিলোমিটার। এর জন্য ব্যয় হবে প্রায় ৪০৩৩ কোটি টাকা। এই প্রকল্পের মাধ্যমে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি উপকৃত হবে বলে রেলমন্ত্রী শ্রী বৈষ্ণো উল্লেখ করেন।

Weather :

আজ থেকে দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।
